## মন্ত্রণায়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ''ছক''

মন্ত্রণালয়/বিভাগের নাম : বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।

প্রতিবেদনাধীন মাসের নাম : **মে/২০১৮ খ্রিষ্টাব্দ।** প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০৩-০৬-২০১৮ খ্রি.।

## (১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | **২** | **৩** | **৪** | **৫** |
| মন্ত্রণালয়/বিভাগ | | | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট সংখ্যা) :<br><br>**বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।** | **৩৩টি** | **১৮টি** | **১৫টি** | অনুমোদিত পদের অতিরিক্ত ০৩ (তিন)টি পদে (পরিচ্ছন্নতা কর্মী-২, নিরাপত্তা প্রহরী-১) তিনজন কর্মচারী কর্মরত আছেন। তাদের চাকুরি সমাপ্তির সঙ্গে ঐসব পদের বিলুপ্তি ঘটবে।<br><br>নিজস্ব নিয়োগবিধি প্রণয়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশে সম্মতি জ্ঞাপনের জন্য বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনে প্রেরণ করা হয়েছে। ০৪-০৪-২০১৭ তারিখ সভা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের মতামত ২০-০৮-২০১৭ তারিখ তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। খোঁজ নিয়ে জানা গেছে তথ্য মন্ত্রণালয় থেকে মতামতের জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে কিছু বিষয়ের ওপর তথ্য চাওয়া হয়। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদি সম্বলিত পত্র ১৭ এপ্রিল ২০১৮ তারিখ তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/ তদুর্ধ পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| x | x | x | x | **১১টি** | **৪টি** | **১৫টি** |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা : প্রযোজ্য নয়।
(অতিরিক্ত সচিব/সমপদমর্যাদা সম্পন্ন/সংস্থা প্রধান এবং তদুর্ধ্ব পদ)

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| x | x | x | x | x | x | x |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্য থাকলে তার বর্ণনা : প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমন/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্রগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : **প্রযোজ্য নয়।**

**(২) আইন শৃঙ্খলা বিষয়ক (শুধুমাত্র স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য ) : প্রযোজ্য নয়।**

**(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য ) : প্রযোজ্য নয়।**

চলমান পাতা-২

**(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্য :**

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থ বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমান ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| X | X | X | X |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য:

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু' মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| X | X | X | X |

**(৫) উৎপাদন বিষয়ক (সংশিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে) : প্রযোজ্য নয়।**

**(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।**

**(৭) অডিট আপত্তি** :

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য :

(অংকসমূহ হাজার টাকায়)

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমান (হাজার টাকায়) | ব্রডসীটে জবাবের সংখ্যা | নিস্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা। | ৬টি | ১৬২৯ | ৫টি | ২টি | ৪টি | এ দপ্তরে ১৬,২৯,০০০/- টাকার মোট ৬টি অডিট আপত্তির মধ্যে জানুয়ারি/১৮ মাস পর্যন্ত ২,৯৩,০০০/- টাকার ২টি পূর্ণ আপত্তি নিস্পত্তি হয়েছে এবং অনু: ৪ এর আপত্তিকৃত ২৮,৮০০/- টাকার মধ্যে ১৫,৬০০/- টাকা আদায় হওয়ায় আপত্তিটির আংশিক নিস্পত্তি হয়েছে। উক্ত আপত্তির অবশিষ্ট ১৩,২০০/- টাকার চালান আদায় হওয়ায় মন্ত্রাণালয় থেকে ১৯-০২-২০১৮ তারিখ সুপারিশ লিপিবদ্ধ করে সিভিল অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>এছাড়া অনু: ১ এর ৪,৬৮,২২৯/ টাকা (আংশিক) আদায় হওয়ায় ০১-০৪-২০১৮ তারিখ নিস্পত্তিপত্র পাওয়া গেছে। অবশিষ্ট ১,৫৪,২৬৫/- টাকা আদায় প্রক্রিয়া অব্যাহত রয়েছে।<br>অবশিষ্ট ১টি পূর্ণ আপত্তি ও ১টি আংশিক আপত্তি নিস্পিত্তির প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| সর্বমোট | ৬টি | ১৬২৯ | ৫টি | ২টি | ৪টি | - |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড়ো রকমের কোনো জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেসসমূহের তালিকা : **প্রযোজ্য নয়।**

**(৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা) :**

| মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভুত মোট বিভাগীয় মামলা | গত মাসে নিস্পত্তির সংখ্যা | | | বর্তমান অর্থ বছরে মোট নিস্পত্তিকৃত মামলার সংখ্যা | বর্তমানে অনিস্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| X | X | X | X | X | X |

**(৯) মানব সম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কমূসূচি :

| প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ই-নথি সিস্টেমের এডমিনদের সঞ্জীবনী প্রশিক্ষণ | ৩০-০৫-২০১৮ থেকে ৩১-০৫-২০১৮ পর্যন্ত | প্রধানমন্ত্রীর কার্যালয় | ০১ (এক) জন |

চলমান পাতা-৩

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোনো ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা :

| ক্র: নং | প্রশিক্ষণের শিরোনাম | প্রশিক্ষণের তারিখ | প্রশিক্ষণের সময় |
|---|---|---|---|
| ০১ | Meeting, Preparation of Agenda, Working Paper and Minutes of the Meeting. | ১৫-০৫-২০১৮ | সকাল ০৯:৩০ – ১১:০০ টা। |
| ০২ | e-gp (Electronic Government procurment) | ১৫-০৫-২০১৮ | সকাল ১১:১৫ – দুপুর ১২:৪৫ টা। |
| ০৩ | প্রশাসনিক ট্রাইবুন্যাল ও প্রশাসনিকআপিল ট্রাইবুন্যাল | ১৫-০৫-২০১৮ | দুপুর ০১:৩০ – বেলা ০৩:০০ টা। |
| ০৪ | The Censorship of Films Act, 1963 (as amended 2006) | ১৫-০৫-২০১৮ | বেলা ০৩:০০ – বেলা ০৪:৩০ টা । |

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড়ো রকমের কোনো সমস্যা থাকলে তার বর্ণনা : **প্রযোজ্য নয়।**

ঘ. মন্ত্রণালয়ে অন দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কিনা; না থাকলে অন দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোনো অনুবিধা আছে কিনা : **প্রযোজ্য নয়।**

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : **প্রযোজ্য নয়।**

## (১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সংকট :

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা : **প্রযোজ্য নয়।**

খ. প্রতিবেদনাধীন মাসে গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকান্ড :

### (১) সেন্সর সংক্রান্ত কার্যক্রম :

প্রতিবেদনাধীন মে/১৮ মাসে ৩টি পূর্ণদৈর্ঘ্য বাংলা, ২টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি চলচ্চিত্র সেন্সর করা হয়েছে। সেন্সরকৃত চলচ্চিত্রগুলোর মধ্যে ৩টি পূর্ণদৈর্ঘ্য বাংলা, ২টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি চলচ্চিত্রের সেন্সর সনদপত্র জারি করা হয়েছে। এছাড়া মে/১৮ মাসের পূর্বে সেন্সরকৃত ১টি পূর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্রের সেন্সর সনদপত্রও প্রতিবেদনাধীন মাসে জারি করা হয়েছে।

### (২) পরিদর্শন সংক্রান্ত কার্যক্রম :

প্রতিবেদনাধীন মাসে রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, খুলনা, যশোর, সাতক্ষীরা, বরিশাল, ভোলা, পটুয়াখালী, কুমিল্লা, ফেনী, চট্টগ্রাম, রংপুর, দিনাজপুর মোট ১৭টি জেলার ২২ সিনেমা হল পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকৃত সিনেমা হলগুলোর মধ্যে ১টি সিনেমা হলে সেন্সরবিহীন ও অশ্লীল দৃশ্য সংযোজন করে চলচ্চিত্র প্রদর্শন করায় প্রদর্শিত চলচ্চিত্র জব্দ করার জন্য সংশ্লিষ্ট থানায় জব্দপত্র প্রেরণ করা হয়েছে। অন্যান্য সিনেমা হলগুলোতে সেন্সরবিহীন বা অশ্লীল কোনো দৃশ্য প্রদর্শন করা হয় নাই। দেশের বিভিন্ন স্থানের সিনেমা হল পরিদর্শন কার্যক্রম জোরদার করার ফলে সেন্সরশিপ আইন ও বিধি লংঘনের প্রবণতা হ্রাস পেয়েছে।

### (৩) রাজস্ব আয় :

চলচ্চিত্র পরীক্ষণ ও স্ক্রিনিং ফি বাবদ মে/১৮ মাসে ১,৮৩,৫০০/- (এক লক্ষ তিরাশি হাজার পাঁচশত) টাকা মাত্র রাজস্ব আয় হয়েছে।

### (4) নিয়োগবিধি সংক্রান্ত :

২৯-০৯-২০১৫ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় অনুমোদনের পর তথ্য মন্ত্রণালয় থেকে বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন সচিবালয়ের মতামতের জন্য প্রেরণ করা হয়। বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন তাদের চেকলিস্ট অনুযায়ী তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ জানিয়ে তথ্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করে। বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন এর চাহিদা অনুযায়ী প্রস্তাব প্রেরণের জন্য তথ্য মন্ত্রণালয় থেকে এ দপ্তরে পত্র প্রেরণ করে। পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন এর চেকলিস্ট অনুযায়ী তথ্যাদি ৩১-১২-২০১৫ তারিখে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রস্তাবটি তথ্য মন্ত্রণালয় থেকে বিপিএসসিতে প্রেরণ করা হলে বিপিএসসি'র মতামত ২০-০৮-২০১৭ তারিখ তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তথ্য মন্ত্রণালয় থেকে মতামতের জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে কিছু বিষয়ের ওপর তথ্য চাওয়া হয়। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদি সম্বলিত পত্র ১৭ এপ্রিল ২০১৮ তারিখ তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

গ. আগামী দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা : **প্রযোজ্য নয়।**

ঘ. আগামী দুই মাসে বড়ো রকমের কোনো সমস্যা/সংকটের আশঙ্কা করা হলে তার বিবরণ : **প্রযোজ্য নয়।**

সচিবের স্বাক্ষর :
নাম :